গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮১.২০২০- ৬৯৫ তারিখঃ ৩০/১০/২০২২ খ্রি.

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু, আপনি মঞ্জুশ্রী বসু, পিতাঃ মনোরঞ্জন বসু, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সীতাকুন্ড, চট্টগ্রাম এর বিরুদ্ধে ডাঃ রনজু কনা পাল, সহকারী পরিচালক (নার্সিং), পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম গত ০১/০৯/২০১৬ খ্রিঃ তারিখের পঃস্বাঃচঃ/নার্স/ প্রশা/১৬/১৬৪৬৪ নং স্মারকে এই মর্মে অভিযোগ দাখিল করেন যে, আপনি ১৭/০৪/২০১৬ খ্রিঃ হতে ২২/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৬ (ছয়) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে যথাসময়ে কর্মস্থলে যোগদান করেননি। সে পরিপ্রেক্ষিতে এ অধিদপ্তরের ০১-০২-২০১৭ খ্রিঃ তারিখের ৯০৭ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি। এ অধিদপ্তরের ২২-১২-২০২০ খ্রিঃ তারিখের ৩০৫ নং স্মারকে আপনার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক ২৭/১২/২০২০ খ্রিঃ তারিখ দাখিককৃত তদন্ত প্রতিবেদন মতে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য।

২। যেহেতু, আপনি ১৭/০৪/২০১৬ খ্রিঃ হতে ২২/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৬ দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন মর্মে আপনার স্থানীয় কর্তৃপক্ষ ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখের উপঃস্বাঃকম/সীতা/চট্ট/২০২২/১০৫০ নং স্মারকে এ অধিদপ্তরকে পুনরায় অবহিত করেন।

৩। যেহেতু, আপনার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে হাসপাতালের সেবা কার্যক্রম ব্যহত হচ্ছে।

৪। যেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী "ঘটনার বিশেষ অবস্থা বিবেচনা পুর্বক সরকার অন্যরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ না করিলে, বাংলাদেশে বৈদেশিক চাকরিতে কর্মরত থাকার ক্ষেত্র ব্যতীত, অন্যত্র, ছুটিসহ অথবা ছুটি ব্যতীত একাধিক্রমে পাঁচ বৎসর কর্ম হইতে অনুপস্থিত থাকার পর একজন সরকারি কর্মচারীর চাকরির অবসান হইবে" মর্মে উল্লেখ আছে।

৫। যেহেতু, ১৭/০৪/২০১৬ খ্রিঃ হতে ২২/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৬ (ছয়) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করা এবং ছুটি শেষে অদ্যাবধি অর্থাৎ ০৫ (পাঁচ) বছর বা ততোধিক মেয়াদে কর্মস্থলে অনুপস্থিত থাকা বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী আপনার চাকরি অবসান যোগ্য।

৬। সেহেতু, একাধারে ০৫ (পাঁচ) বছর বা ততোধিক মেয়াদে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী কেন আপনার চাকরির অবসান ঘটানো হবেনা তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

৩০/১০/২২
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
মঞ্জুশ্রী বসু
পিতাঃ মনোরঞ্জন বসু
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সীতাকুন্ড, চট্টগ্রাম।

স্থায়ী ঠিকানাঃ
মঞ্জুশ্রী বসু
পিতাঃ মনোরঞ্জন বসু
গ্রাম-পূর্ব আলীপুর, পোঃ ফরিদপুর
থানাঃ ফরিদপুর সদর, জেলাঃ ফরিদপুর।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮১.২০২০. ৬৯৫/১(৭)

তারিখঃ ৩০/১০/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সীতাকুন্ড, চট্টগ্রাম।
৫। জেলা পাবলিক হেল্‌থ নার্স, চট্টগ্রাম।
৬। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

৩০/১০/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)